গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৬
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০১৬.২৫-৩৪১

তারিখ : ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

**প্রজ্ঞাপন**

যেহেতু, জেলা রেজিস্ট্রারের কার্যালয়, গোপালগঞ্জ-এর গত ৩০-১১-২০২৫ খ্রি. তারিখের স্মারক নং: ১০.০৫.০০০০.০০১.১৮.০৩.২৫-৬৮৪ মূলে প্রেরিত পত্রের মাধ্যমে জনাব আবুল হোসেন, সাবেক সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ (বর্তমানে জেলা রেজিস্ট্রার, গোপালগঞ্জ-এর কার্যালয়ে যোগদানকৃত)-এর বিরুদ্ধে গোপালগঞ্জ জেলার মুকসুদপুর সাব-রেজিস্ট্রি অফিসে কর্মকালীন সময়ে দায়িত্বে চরম অবহেলা, উদাসীনতা, অদক্ষতা, স্বেচ্ছাচারিতা ও ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আইনসংগত আদেশ অমান্যকরণ সম্পর্কিত অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ)-এ বর্ণিত 'অসদাচরণ'-এর অভিযোগে ০৩/২০২৬ নম্বর বিভাগীয় মামলা রুজু করত কেন তাঁকে 'চাকুরী হতে বরখাস্ত' করা হবে না বা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে নোটিশ জারি করা হয়;

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব আবুল হোসেন কর্তৃক গত ১১-০৬-২০২৬ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলের পর গত ০৫-০৭-২০২৬ খ্রি. তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী অনুষ্ঠিত হয় এবং তার দাখিলকৃত লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে এ বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

৩। সেহেতু, জনাব আবুল হোসেন, সাবেক সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ (বর্তমানে জেলা রেজিস্ট্রার, গোপালগঞ্জ-এর কার্যালয়ে যোগদানকৃত)-এর বিরুদ্ধে রুজুকৃত ০৩/২০২৬ নম্বর বিভাগীয় মামলায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(লিয়াকত আলী মোল্লা) 2/8/26
সচিব

নম্বর : ১০.০০.০০০০.১৩০.২৭.০১৬.২৫-৩৪১/১(১২)

তারিখ : ০২-০৮-২০২৬ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহা-পরিদর্শক, নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ নং আব্দুল গণি রোড, ঢাকা।

২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।

৪. উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৫. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

৬. জেলা রেজিস্ট্রার, গোপালগঞ্জ।

৭. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গোপালগঞ্জ।

৮. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মুকসুদপুর, গোপালগঞ্জ।

৯. সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ।

১০. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১. জনাব আবুল হোসেন, সাবেক সাব-রেজিস্ট্রার, মুকসুদপুর, গোপালগঞ্জ (বর্তমানে জেলা রেজিস্ট্রার, গোপালগঞ্জ-এর কার্যালয়ে যোগদানকৃত); স্থায়ী ঠিকানা: জনাব আবুল হোসেন, পিতা: আব্দুল মজিদ খান, গ্রাম ও ডাক: সাহেব রামপুর, থানা-কালকিনি, জেলা: মাদারীপুর।

১২. অফিস কপি/গার্ড ফাইল।

02.08.26

(মোহাম্মদ আযিযুর রহমান)
সিনিয়র সহকারী সচিব